

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি  
তদারকিকরণ সংক্রান্ত সভার মে-২০২১ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২১ জুন ২০২১ খ্রি.
সভার সময়	বেলা ০২:০০ টা
স্থান	বিভাগীয় কমিশনার মহোদয়ের সম্মেলন কক্ষ ও জুম সফটওয়্যারের মাধ্যমে
উপস্থিতি	ভার্চুয়াল মাধ্যমে অনুষ্ঠিত

সম্মেলন কক্ষে ও জুম ক্লাউড মিটিং সফটওয়্যার এর মাধ্যমে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” বাস্তবায়ন করার জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলকে আহ্বান জানান। সভাপতি অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী বিভাগকে মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ বিষয়ে একটি উপস্থাপনা প্রদানের বিষয়ে অনুরোধ করেন।

## ২. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন

সভায় মে-২০২১ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

## ৩. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

মে-২০২১ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপ:

ক্রমিক নং	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের হার
০১	১৭/০৫/২০২১ খ্রি.	০৫ টি	০৪ টি	৮০%

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা প্রশাসক হতে প্রাপ্ত ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পুনর্বাসনের জন্য গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করেন। প্রদত্ত ছক পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ১ম পর্যায়ের মোট ৭১১৯ টি গৃহ বরাদ্দ ও নির্মিত হয়। ২য় পর্যায়ের ৭১৭২ টি গৃহ বরাদ্দ পাওয়া যায় এবং মাননীয় প্রধানমন্ত্রী ২য় পর্যায়ের ২০/০৬/২০২১ খ্রি. তারিখে ৫১৯৭ টি গৃহ বন্দোবস্ত প্রদান করেছেন। সভাপতি অবশিষ্ট গৃহ দ্রুততম সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। রাজশাহী বিভাগের সকল জেলার আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পুনর্বাসনের জন্য ২য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি উপস্থাপিত তথ্য অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

## ৪. মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের (‘ক’ শ্রেণি) জন্য ২য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি সংক্রান্ত ছক (এক নজরে রাজশাহী বিভাগ):

ক্রমিক	জেলা	১ম পর্যায়ের (২৩ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত) বরাদ্দপ্রাপ্ত ও নির্মিত গৃহের সংখ্যা	২য় পর্যায়ের (৮/০২/২০২১ খ্রি. তারিখ হতে ২৫/০৪/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে বরাদ্দ প্রাপ্ত একক গৃহের সংখ্যা	০৮/০২/২০২১ খ্রি. তারিখ হতে ১৯/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের মধ্যে হতে নির্মিত গৃহের সংখ্যা	১ম ও ২য় পর্যায়ের বরাদ্দ প্রাপ্ত সর্বমোট গৃহের সংখ্যা
১	রাজশাহী	৬৯২	৮৫৪	৮৫৪	১৫৪৬

২	নাটোর	৫৫৮	১৩৮১	১২৭৮	১৯৩৯
৩	নওগাঁ	১০৫৬	৫০২	৫০২	১৫৫৮
৪	চাঁপাই- নবাবগঞ্জ	১৩১৯	২৬১৯	১০৭০	৩৯৩৮
৫	পাবনা	১০৮৬	৩৩৭	২২৭	১৪২৩
৬	সিরাজগঞ্জ	৭৯৬	৪৮১	৩৯৩	১২৭৭
৭	বগুড়া	১৪৫২	৮৫৭	৭৩২	২৩০৯
৮	জয়পুরহাট	১৬০	১৪১	১৪১	৩০১
	বিভাগের মোট	৭১১৯	৭১৭২	৫১৯৭	১৪২৯১

#### ৫. সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন

সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত অবশিষ্ট গৃহ আগামী ৩০ জুন/২০২১ খ্রি তারিখের মধ্যে নির্মাণ সম্পন্ন করতে হবে। ২. মুজিব শতবর্ষের ১ম ও ২য় পর্যায়ের গৃহ প্রদানের কবুলিয়ত ১০০% ভাগ সম্পন্ন করতে হবে। ৩. পর্যাপ্ত সময় দিতে হবে যাতে গৃহ নির্মাণ কাজ টেকসই হয়। ৪. স্থানীয় পর্যায়ে জনপ্রতিনিধি এবং অন্যান্য সংস্থার ব্যক্তি বর্গকে সম্পৃক্ত রাখতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মেলন কক্ষে ও জুম ক্লাউড মিটিং সফটওয়্যারের মাধ্যমে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মো: হুমায়ুন কবীর  
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২১.৬৪৭


তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৮

২৯ জুন ২০২১

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৭) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৮) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৯) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১০) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, সাধারণ শাখা, এ কার্যালয়
- ১১) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় (ওয়েব পোর্টালে আপলোডের

অনুরোধসহ)



আরাফাত আমান আজিজ

সহকারী কমিশনার